

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

মাঠ প্রশাসন-১ অধিশাখা

www.mopa.gov.bd

২৫ কার্টিক, ১৪২২ বঙ্গাব্দ।

তারিখ: ০৭ নভেম্বর, ২০১৫ খ্রিষ্টাব্দ।

নম্বর-০৫.০০.০০০০.১৩৭.২২.১০১.১৪- ৫৪১

## প্রস্তাবন

### বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তাদের পদায়ন নীতিমালা

বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তাগণের পেশাগত দক্ষতা বৃদ্ধি, অভিজ্ঞতা অর্জন এবং কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও মানসম্মত জনসেবা নিশ্চিতকরণের লক্ষ্যে সরকার নিম্নরূপ পদায়ন নীতিমালা জারি করছে। কর্মকর্তাগণকে মাঠ ও কেন্দ্রীয় পর্যায়ে পদায়নের ক্ষেত্রে সাধারণভাবে এ নীতিমালা অনুসরণ করা হবে।

#### ০২। সহকারী কমিশনার (শিক্ষানবিশ)

ক. বিসিএস (প্রশাসন) ক্যাডারে নববোগদানকৃত সহকারী কমিশনারগণকে নিজ বিভাগ ব্যৱtীত অন্য যে কোনো বিভাগে পদায়ন করা হবে;

খ. শিক্ষানবিশকালে কোনো কর্মকর্তাকে বদলি করা হবে না। তবে শুধু অনিবার্য প্রশাসনিক কারণে কোনো কর্মকর্তাকে একই বিভাগের আওতাধীন অন্য কোনো জেলায় বদলি করা যাবে।

#### ০৩। সহকারী কমিশনার (ভূমি)

ক. চাকরির মেয়াদ ০২(দুই) বছর পূর্ব এবং চাকরি স্থায়ীকরণের পর জ্যেষ্ঠতার ক্রম অনুসরণ করে বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তাগণকে সহকারী কমিশনার (ভূমি) হিসেবে পদায়ন করা হবে। সহকারী কমিশনার (ভূমি) হিসেবে একজন কর্মকর্তা অন্যুন ০২(দুই) বছর দায়িত্ব পালন করবেন;

খ. সহকারী কমিশনার (ভূমি) এর পদ হতে প্রত্যাহারের পর সহকারী কমিশনার/সিনিয়র সহকারী কমিশনার পদে বিভাগীয় কমিশনারের কার্যালয়/জেলা প্রশাসকের কার্যালয়ে দায়িত্ব পালনের জন্য কর্মকর্তাগণকে বিভিন্ন বিভাগে ন্যস্ত করা হবে।

#### ০৪। উপজেলা নির্বাহী অফিসার

ক. সিনিয়র ক্ষেত্র প্রাপ্তি এবং চাকরির মেয়াদ কমপক্ষে ০৬(ছয়) বছর পূর্ণ হওয়ার পর একজন কর্মকর্তাকে উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের নিমিত্ত যোগ্য কর্মকর্তাদের তালিকায় (ফিটলিস্ট) অন্তর্ভুক্তির জন্য বিবেচনা করা হবে;

খ. তালিকাভুক্ত একজন কর্মকর্তাকে তাঁর নিজ বিভাগ ব্যৱtীত অন্য কোন বিভাগে উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের জন্য ন্যস্ত করা হবে। কোন কর্মকর্তাকে তাঁর স্বামী বা 'স্ত্রী'র জেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়ন করা যাবে না;

গ. উপজেলা নির্বাহী অফিসার হিসেবে কোনো কর্মকর্তার কর্মকাল হবে অন্যুন ০২(দুই) বছর।

#### ০৫। অতিরিক্ত জেলা প্রশাসক/সিনিয়র সহকারী সচিব

ক. সহকারী কমিশনার, সহকারী কমিশনার (ভূমি), সিনিয়র সহকারী কমিশনার ও উপজেলা নির্বাহী অফিসার হিসেবে চাকরির অভিজ্ঞতা এবং মোট চাকরিকাল কমপক্ষে ০৮(আট) বছর পূর্তির পর কর্মকর্তাগণকে অতিরিক্ত জেলা প্রশাসক হিসেবে পদায়ন করা হবে;

খ. অতিরিক্ত জেলা প্রশাসক হিসেবে পদায়নের পূর্বে যোগ্য কর্মকর্তাদের তালিকা (ফিটলিস্ট) প্রণয়ন করা হবে এবং তালিকাভুক্ত কর্মকর্তাগণকে সাধারণত নিজ বিভাগ ব্যতীত অন্য বিভাগে এবং স্বামী/স্ত্রীর নিজ জেলা ব্যতীত অন্য জেলায় পদায়ন করা হবে;

গ. অতিরিক্ত জেলা প্রশাসক হিসেবে কোনো কর্মকর্তার কর্মকাল হবে অন্তুন ০২(দুই) বছর;

ঘ. মাঠ পর্যায়ে ন্যূনতম ০৫(পাঁচ) বছরের কাজের অভিজ্ঞতা ব্যতীত কোনো কর্মকর্তা মন্ত্রণালয়/ বিভাগে বা প্রেষণে কোনো পদে পদায়িত হবেন না। এ শর্ত ০১/০৭/২০০৬ খ্রি. তারিখে ও তৎপরবর্তীতে চাকরিতে যোগদানকৃত কর্মকর্তাদের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

#### ০৬। জেলা ও উপজেলায় পদায়ন

ক. মাঠ প্রশাসনে পদায়নের ক্ষেত্রে দেশের জেলাসমূহকে অবকাঠামোগত অবস্থা, শিক্ষা ব্যবস্থা, চিকিৎসা সংক্রান্ত সুবিধাদি, রাজখানী/বিভাগ/জেলা শহর হতে দূরত ইত্যাদি বিবেচনায় তিনটি শ্রেণিতে ('ক', 'খ' এবং 'গ') এবং উপজেলাসমূহকে চারটি শ্রেণিতে ('ক', 'খ' 'গ' এবং 'ঘ') বিন্যস্ত করা হল (পেরিশিষ্ট-ক এবং খ);

খ. কর্মকর্তাগণকে জ্যেষ্ঠতা ও কর্মদক্ষতা বিবেচনায় বিভিন্ন শ্রেণির জেলা/উপজেলায় পদায়ন করা হবে;

গ. পার্বত্য ও অন্যান্য দুর্গম কর্মস্থলে সর্বোচ্চ কর্মকাল হবে ০২(দুই) বছর।

#### ০৭। অন্যান্য

ক. কোনো কর্মকর্তাকে একই জেলায় একাধিকবার পদায়ন করা যাবে না। তবে শিক্ষানবিশকালে পদায়নকে নিয়মিত পদায়ন হিসেবে গণ্য করা হবে না;

খ. কোনো কর্মকর্তার উচ্চশিক্ষার সুযোগ গ্রহণের ক্ষেত্রে কর্মরত পদে ন্যূনতম চাকরিকালের শর্ত শিথিল করা যাবে;

গ. কোনো কর্মকর্তার নিজের অথবা স্ত্রী/স্বামী/সন্তানের দুরারোগ্য ব্যাধির সুষ্ঠু চিকিৎসার স্বার্থে মেডিকেল বোর্ডের সুপারিশের পরিপ্রেক্ষিতে নির্ধারিত মেয়াদের পূর্বে সুবিধাজনক স্থানে পদায়ন করা যাবে;

ঘ. কোনো কর্মকর্তার স্ত্রী/স্বামী উভয়েই চাকরিজীবী হলে একই কর্মস্থলে বা যথাসম্ভব নিকটবর্তী কর্মস্থলে পদায়নের বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা হবে;

ঙ. নিয়োগ/পদায়নের প্রজ্ঞাপনে বদলিকৃত কর্মস্থলে যোগদানের নির্দিষ্ট তারিখ উল্লেখ করা হবে। যৌক্তিক কারণ ব্যতীত নির্ধারিত তারিখের মধ্যে কোনো কর্মকর্তা তাঁর বদলিকৃত কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে তা অসদাচারণ হিসেবে গণ্য হবে।

চ. চাকরি স্থায়ীকরণ এবং মাঠ প্রশাসনে চাকরি ৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পর কোন কর্মকর্তাকে মন্ত্রী/ উপদেষ্টা/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/সচিবের একান্ত সচিব/সহকারী একান্ত সচিব হিসেবে নিয়োগ প্রদান করা যাবে।




০৮। বিভিন্ন পদে ন্যূনতম চাকরির মেয়াদ

কোন কর্মকর্তাকে নিয় সারণির বিভিন্ন পদের বিপরীতে বর্ণিত ন্যূনতম চাকরির মেয়াদ পূর্ণ করতে হবে:

ক্রম	পদের নাম	ন্যূনতম কর্মকাল
১.	সহকারী কমিশনার (শিক্ষানবিশ)	২ বছর (প্রয়োজনীয় পেশাগত প্রশিক্ষণ সম্পাদনের জন্য)
২.	সহকারী কমিশনার/সহকারী কমিশনার (ভূমি)/সিনিয়র সহকারী কমিশনার	৪ বছর
৩.	উপজেলা নির্বাহী অফিসার	২ বছর
৪.	অতিরিক্ত জেলা প্রশাসক/সিনিয়র সহকারী সচিব/সমপদ	২ বছর

০৯। জনস্বার্থে জারিকৃত এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
১৫/১৫/১৫  
(ড. কামাল আবদুল নাসের চৌধুরী)  
সিনিয়র সচিব

নথি-০৫.০০.০০০০.১৩৭.২২.১০১.১৪- ৫৪১ (৩০০)

তারিখ: ২৫ কার্তিক, ১৪২২ বঙ্গাব্দ।  
০৭ নভেম্বর, ২০১৫ খ্রিষ্টাব্দ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যোত্তর ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব/সচিব, ..... মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
- ৪। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সিএন্ডএজি'র কার্যালয়, ৪৩, কাকরাইল সড়ক, ঢাকা।
- ৫। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৬। কমিশনার, ..... বিভাগ (সকল)।
- ৭। অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। অতিরিক্ত সচিব (এপিডি/প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। জেলা প্রশাসক, ..... জেলা (সকল)।
- ১০। মন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১১। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১২। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩। উপ পরিচালক, বাংলাদেশ ফরমস্ট ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গোজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৫। অফিস কপি/মাস্টার কপি।

  
খালেদা আখতার  
উপসচিব  
ফোন: ৯৫৭৪৫৫৯

পরিশিষ্ট-ক

পদায়নের জন্য বিভিন্ন প্রেশির জেলার নাম:

ক প্রেশি	খ প্রেশি	গ প্রেশি
চাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, রংপুর, নরসিংড়ী, টাঙ্গাইল, ময়মনসিংহ, ফরিদপুর, সিলেট, বরিশাল, খুলনা, যশোর, চট্টগ্রাম, ব্রাহ্মপুরাড়িয়া, বগুড়া, নোয়াখালী, কুমিল্লা, পাবনা, রাজশাহী, দিনাজপুর, মুসীগঞ্জ, কিশোরগঞ্জ, মানিকগঞ্জ, জামালপুর, কর্বাজার।  (মোট- ২৫ টি জেলা)	গোপালগঞ্জ, বাজবাড়ী, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ, মাণ্ডুরা, পটুয়াখালী, বাগেরহাট, সাতক্ষীরা, কুষ্টিয়া, খিনাইদহ, ফেনী, লক্ষ্মীপুর, চাঁদপুর, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, সিরাজগঞ্জ, নওগাঁ, জয়পুরহাট, রামগাঁও পার্বত্য জেলা।  (মোট- ২০ টি জেলা)	শেরপুর, বরগুনা, পিরোজপুর, ভোলা, ঝালকাঠি, মেহেরপুর, লালমনিরহাট, নড়াইল, চুয়াডাঙ্গা, কৃড়িগ্রাম, শরিয়তপুর, মাদারীপুর, নেত্রকোণা, নীলফামারী, পঞ্চগড়, গাইবান্ধা, ঠাকুরগাঁও, বান্দরবন পার্বত্য জেলা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।  (মোট- ১৯ টি জেলা)

পরিশিষ্ট-খ

পদায়নের জন্য বিভিন্ন প্রেণির উপজেলার নাম:

ক্রম	জেলা	ক প্রেণি	খ প্রেণি	গ প্রেণি	ঘ প্রেণি
১.	ঢাকা	ধামরাই, সাভার, কেরাগাঁগঞ্জ	দেহার, নবাবগঞ্জ		
২.	গাজীপুর	গাজীপুর সদর, শ্রীপুর, কালীগঞ্জ, কাপাসিয়া, কালিয়াকৈর			
৩.	নরসিংড়ী	নরসিংড়ী সদর, পলাশ	রায়পুরা, শিবপুর, মনোহরদী, বেলাবো		
৪.	মানিকগঞ্জ	মানিকগঞ্জ সদর, সিংগাইর, শিবালয়	সাটুরিয়া	হরিরামপুর, ঘিরে	দৌলতপুর
৫.	মুল্লিগঞ্জ	মুল্লিগঞ্জ সদর, শ্রীনগর, সিরাজদিখান	লৌহজং, টঙ্গীবাড়ী, গজারিয়া		
৬.	নারায়ণগঞ্জ	নারায়ণগঞ্জ সদর, সোনারগাঁ, রূপগঞ্জ, আড়ইহাজার, বন্দর			
৭.	ফরিদপুর	ফরিদপুর সদর	বোয়ালমারী, ভাঁগা, মধুখালী, নগরকান্দা	সদরপুর, সালখা, আলফাড়াঙ্গা	চরভদ্রাসন
৮.	মাদারীপুর	মাদারীপুর সদর		কালকিনি, রাজের	শিবচর
৯.	গোপালগঞ্জ	গোপালগঞ্জ সদর, টুঙ্গীপাড়া		কাশিয়ানী, মকসুদপুর	কোটালীপাড়া
১০.	রাজবাড়ী	রাজবাড়ী সদর	গোয়ালন্দ, পাংশা	কালুখালী, বালিয়াকান্দি	
১১.	শরীয়তপুর	শরীয়তপুর সদর		ডামুড়া, জাজিরা, ভেদরগঞ্জ, মড়িয়া, গোসাইরহাট	
১২.	জামালপুর	জামালপুর সদর	মেলান্দহ, সরিষাবাড়ী	মাদারগঞ্জ, ইসলামপুর	দেওয়ানগঞ্জ, বক্রীগঞ্জ
১৩.	শেরপুর	শেরপুর সদর	নকলা	শ্রীবরদী, বিনাইগাতি, নালিতাবাড়ি	
১৪.	ময়মনসিংহ	ময়মনসিংহ সদর, ভালুকা, ত্রিশাল, মুক্তাগাছা	ফুলপুর, ইশ্বরগঞ্জ, গৌরীপুর, গফরগাঁও, নান্দাইল, ফুলবাড়ীয়া, হালুয়াঘাট	তারাকান্দা	ধোবাউড়া
১৫.	কিশোরগঞ্জ	কিশোরগঞ্জ সদর, ভেরব	বাজিতপুর, কচিয়াদী, কুলিয়ারচর, করিমগঞ্জ, হোসেনপুর	তাড়াইল, পাকুন্দিয়া	অষ্ট্রাম, ইটনা, মিঠামইন, নিকলী
১৬.	নেত্রকোণা	নেত্রকোণা সদর	মোহনগঞ্জ, বারহাট্টা	কেন্দুয়া, আটপাড়া, পূর্বধলা	দৃঢ়াপুর, মদন, কলমাকান্দা, খালিয়াজুরী

ক্রম	জেলা	ক শ্রেণি	খ শ্রেণি	গ শ্রেণি	ষ শ্রেণি
১৭.	টাঙ্গাইল	টাঙ্গাইল সদর, কালিহাতী, মির্জাপুর, মধুপুর, ঘাটাইল	ভূঞ্চপুর, নাগরপুর, গোপালপুর, বাসাইল, দেলদুয়ার	সখিপুর, ধনবাড়ী	
১৮.	চট্টগ্রাম	আনোয়ারা, মিরশরাই, হাটহাজারী, সীতাকুণ্ড, পটিয়া, চন্দনাইশ, ফটিকছড়ি, বোয়ালখালী, রাঙ্গুনিয়া, সাতকানিয়া	লোহাগাড়া, বাঁশখালী	রাউজান	সন্ধীপ
১৯.	কর্বাজার	কর্বাজার সদর, চকরিয়া, রামু	উথিয়া, টেকলাফ	পেকুয়া	কুতুবদিয়া, মহেষখালী
২০.	রাঙামাটি	রাঙামাটি সদর, কাণ্ঠাই	কাউখালী		ননিয়ারচর, বরক্ষ, বিলাইছড়ি, লংগনু, বাঘাইছড়ি, রাজস্থলী, জুরাইছড়ি
২১.	খাগড়াছড়ি	খাগড়াছড়ি সদর		মহলছড়ি, দীঘিনালা, পানছড়ি, রামগড়, মাটিরাঙ্গা, মানিকছড়ি, লক্ষ্মীছড়ি, গুইমারা	
২২.	বান্দরবান	বান্দরবান সদর		লামা, রোমা, আলিকদম, নাইফ্যংছড়ি, রোয়াংছড়ি	থানছি
২৩.	কুমিল্লা	কুমিল্লা সদর, সদর দক্ষিণ, লাকসাম, বুড়িচং, বৰকড়া, দেবীঘার, চান্দিনা, ব্রাহ্মণপাড়া, চৌদ্দহাম, দাউদকান্দি	মনোহরগঞ্জ, হোমনা, তিতাস, মুরাদনগর, নাংগলকোট		মেঘনা
২৪.	ব্রাহ্মণবাড়িয়া	ব্রাহ্মণবাড়িয়া সদর, আঙগঞ্জ, বিজয়নগর, আখাউড়া	কসবা, নবীনগর, সরাইল	বাঙ্গারামপুর, নাসিরনগর	
২৫.	চাঁদপুর	চাঁদপুর সদর, হাজিগঞ্জ	ফরিদগঞ্জ, মতলব দক্ষিণ, কচুয়া, শাহরাস্তি		হাইমচর, মতলব উপর
২৬.	নোয়াখালী	নোয়াখালী সদর, বেগমগঞ্জ	সেনবাগ, চাটখিল, কোম্পানীগঞ্জ, সোনাইয়ুড়ি	কবিরহাট, সুবর্ণচর	হাতিয়া
২৭.	ফেনী	ফেনী সদর	ছাগলনাইয়া, পরগুরাম, দাগনভুইয়া	সোনাগাজী, ফুলগাজী	
২৮.	লক্ষ্মীপুর	লক্ষ্মীপুর সদর	রামগঞ্জ, রায়পুর	রামগতি, কমলনগর	
২৯.	রাজশাহী	পৰা, মোহনপুর, পুঁঠিয়া	বাগমারা, দূর্গাপুর	গোদাগাড়ী, তানোর, চারঘাট, বাঘা	

ক্রম	জেলা	ক শ্রেণি	খ শ্রেণি	গ শ্রেণি	ঘ শ্রেণি
৩০.	নাটোর	নাটোর সদর, সিংড়া	বাগাতিপাড়া, বড়ইহাম, গুরুন্দাসপুর	লালপুর, নলডাঙা	
৩১.	চাঁপাইনবাবগঞ্জ	চাঁপাইনবাবগঞ্জ সদর	শিবগঞ্জ, গোমস্তাপুর	নাচোল	ভোলাহাট
৩২.	নওগাঁ	নওগাঁ সদর, মান্দা, পত্নীতলা, মহাদেবপুর		নিয়ামতপুর, রাণীনগর, বদলগাছী, ধামুইরহাট, পোরশা, শাপাহার, আত্রাই	
৩৩.	পাবনা	পাবনা সদর, ইশ্বরদী	আটঘরিয়া, চাটমোহর, সাঁথিয়া, সুজানগর, বেড়া	ভাংগড়া, ফরিদপুর	
৩৪.	সিরাজগঞ্জ	সিরাজগঞ্জ সদর, উলুপাড়া, শাহজাদপুর	কামারখন্দ, রায়গঞ্জ, বেলকুচি	তাড়াশ	চৌহালী, কাজীপুর
৩৫.	বগুড়া	বগুড়া সদর, শেরপুর, শাহজাহানপুর, শিবগঞ্জ	ধুপচাঁচিয়া, আদমদীঘি, গাবতলী	সারিয়াকান্দি, নন্দিঘাম, কাহালু, ধূনট, সোনাতলা	
৩৬.	জয়পুরহাট	জয়পুরহাট সদর	পাঁচবিবি	ক্ষেতলাল, আকেলপুর, কালাই	
৩৭.	রংপুর	রংপুর সদর, মিঠাপুর, পীরগঞ্জ	পীরগঞ্জা, তারাগঞ্জ	গংগাচড়া, বদরগঞ্জ, কাউনিয়া	
৩৮.	দিনাজপুর	দিনাজপুর সদর	ফুলবাড়ী, বীরগঞ্জ, বিরামপুর, পার্বতীপুর	বিরল, কাহারোল, বোঢাগঞ্জ, নবাবগঞ্জ, হাকিমপুর, খানসামা, ঘোড়াঘাট, চিরিরবন্দর	
৩৯.	ঠাকুরগাঁও	ঠাকুরগাঁও সদর		রাণীশংকেল, হরিপুর, বালিয়াডাঙ্গী, পীরগঞ্জ	
৪০.	পঞ্চগড়	পঞ্চগড় সদর	বোদা	আটোয়ারী, দেবীগঞ্জ, তেঁতুলিয়া	
৪১.	নীলফামারী	নীলফামারী সদর, সৈয়দপুর		কিশোরগঞ্জ, জলঢাকা, ডিমলা, ডোমার	
৪২.	কুড়িঘাম	কুড়িঘাম সদর	নাগেশ্বরী, রাজারহাট	চিলমারী, ফুলবাড়ী, ভুরুঙ্গামারী, উলিপুর	রাজিবপুর, রোমারী
৪৩.	গাইবান্ধা	গাইবান্ধা সদর, পলাশবাড়ী, গোবিন্দগঞ্জ		সাদুল্যাপুর, সাঘাটা, সুন্দরগঞ্জ	ফুলছড়ি
৪৪.	লালমনিরহাট	লালমনিরহাট সদর		কালিগঞ্জ, হাতিবান্ধা, আদিতমারী, পাটিঘাম	
৪৫.	খুলনা	ফুলতলা, বটিয়াঘাটা	দিঘলিয়া, ঝুপসা, ডুমুরিয়া	পাইকগাছা, তেরখাদা	দাকোপ, কয়রা
৪৬.	বাগেরহাট	বাগেরহাট সদর	মোল্লাহাট, কচুয়া, ফকিরহাট, মংলা, মোড়েলগঞ্জ, রামপাল	চিতলমারী	শরণখোলা
৪৭.	সাতক্ষীরা	সাতক্ষীরা সদর	কলারোয়া, দেবহাটা	আশাশুনি, তালা, কালিগঞ্জ	শ্যামনগর

ক্রম	জেলা	ক শ্রেণি	খ শ্রেণি	গ শ্রেণি	ষ শ্রেণি
৪৮.	যশোর	যশোর সদর, শার্শা, বিকরগাছা, অভয়নগর, কেশবপুর	মণিরামপুর, বাগারপাড়া, চৌগাছা		
৪৯.	ঝিনাইদহ	ঝিনাইদহ সদর, কালিগঞ্জ	কোটচানপুর, শেলকুপা	মহেষপুর, হরিণাকুড়ি	
৫০.	মাওরা	মাওরা সদর	শালিখা, শ্রীপুর, মোহম্মদপুর		
৫১.	নড়াইল	নড়াইল সদর		লোহাগড়া, কালিয়া	
৫২.	মেহেরপুর	মেহেরপুর সদর	মুজিবনগর	গাঁথী	
৫৩.	কুষ্টিয়া	কুষ্টিয়া সদর, কুমারখালী	ভেড়ামারা, খোকসা	মিরপুর, দৌলতপুর	
৫৪.	চুয়াডাঙ্গা	চুয়াডাঙ্গা সদর		আলমডাঙ্গা, দামুরছদা, জীবননগর	
৫৫.	বরিশাল	বরিশাল সদর	গৌরনদী, বাবুগঞ্জ, আগেলবারা	বাকেরগঞ্জ, বানরীপাড়া, উজিরপুর	মূলাদী, হিজলা, মেহেন্দিগঞ্জ
৫৬.	ঝালকাঠি	ঝালকাঠি সদর		রাজাপুর, বলছিটি, কাঠালিয়া	
৫৭.	পিরোজপুর	পিরোজপুর সদর	ভাগারিয়া	নাজিরপুর, কাউখালী, মঠবাড়িয়া, নেছারাবাদ	জিয়ানগর
৫৮.	ভোলা	ভোলা সদর		দৌলতখান, তজুমদ্দিন, বোরহানউদ্দিন, লালমোহন	মনপুরা, চরফ্যাশন
৫৯.	পটুয়াখালী	পটুয়াখালী সদর	বাটফল	মির্জাগঞ্জ, দুমকী	গলাচিপা, কলাপাড়া, দশমিনা, রাঙ্গাবালী
৬০.	বরগুনা	বরগুনা সদর	আমতলী	তালতলী	বেতাগী, বামনা, পাথরঘাটা
৬১.	সিলেট	সিলেট সদর, বালাগঞ্জ, বিশ্বনাথ, গোলাপগঞ্জ, দক্ষিণ সুরমা, বিয়ানীবাজার, ওসমানীনগর		কানাইঘাট, জকিগঞ্জ, জেন্তাপুর, ফেন্দুগঞ্জ, কোম্পানীগঞ্জ, গোয়াইনঘাট	
৬২.	মৌলভীবাজার	মৌলভীবাজার সদর, কুলাউড়া, শ্রীমঙ্গল	বড়লেখা, কমলগঞ্জ, বাজনগর	জুড়ী	
৬৩.	হবিগঞ্জ	হবিগঞ্জ সদর, মাধবপুর	নবীগঞ্জ, বাহুবল, চুনারংঘাট,	বানিয়াচং, লাখাই	আজমিরীগঞ্জ
৬৪.	সুনামগঞ্জ	সুনামগঞ্জ সদর, ছাতক	জগন্নাথপুর, দক্ষিণ সুনামগঞ্জ	দিরাই	বিশ্বন্তরপুর, ধর্মপাশা, শাল্লা, তাহিরপুর, জামালগঞ্জ, দোয়ারাবাজার